**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্কজুড়ে আবাসন বৈষম্যের বিরুদ্ধে লড়াইয়ের প্রচেষ্টা সম্প্রসারণ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***ন্যায্য আবাসন পরীক্ষা কর্মসূচিতে বিনিয়োগ আবাসন বৈষম্যের ব্যাপারে তদন্ত বৃদ্ধি করবে এবং ন্যায্য আবাসনের অধিকার সম্পর্কিত শিক্ষা ও প্রচারণা সংক্রান্ত প্রচেষ্টাগুলো বৃদ্ধি করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ বাড়ি ভাড়া দেওয়া ও বিক্রির লেনদেনের ক্ষেত্রে বৈষম্য নির্মূল করার জন্য তৈরি করা নিউ ইয়র্কের ন্যায্য আবাসন পরীক্ষা (Fair Housing Testing) কর্মসূচির 2.2 মিলিয়ন ডলারের সম্প্রসারণের ঘোষণা দিয়েছেন। সম্ভাব্য ভাড়াটিয়া এবং কেনার জন্য বাড়ির খোঁজ করছেন এমন ব্যক্তি হিসেবে ছদ্মবেশে টেস্টারদেরকে স্টেটজুড়ে মোতায়েন করার জন্য নিউ ইয়র্ক স্টেট ছয়টি অলাভজনক সংস্থার সঙ্গে অংশীদার হয়েছে। এই সম্প্রসারণ সন্দেহজনক আবাসন বৈষম্যের ক্ষেত্রে স্বতস্ফূর্ত তদন্ত বৃদ্ধি করবে এবং ন্যায্য আবাসনের অধিকার সম্পর্কিত শিক্ষা ও প্রচারণা সংক্রান্ত প্রচেষ্টাসমূহ বৃদ্ধি করবে, যার মধ্যে ফৌজদারি ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ততা রয়েছে এমন ব্যক্তিরাও অন্তর্ভুক্ত রয়েছেন।

"নিউ ইয়র্ক স্টেটজুড়ে আবাসনের অ্যাক্সেস সম্প্রসারণ করার এই সময়ে, আমি আবাসন বৈষম্যের বিরুদ্ধে লড়াই করতে এবং সব নিউ ইয়র্কবাসী যাতে নিজেদের পছন্দের আবাসন খোঁজার সময় মর্যাদাপূর্ণ, ন্যায্য ও সম্মানজনক আচরণ পান সে বিষয়টি নিশ্চিত করতে আমার কাছে থাকা সব সংস্থান ব্যবহার করছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই অতি গুরুত্বপূর্ণ কর্মসূচিতে আমাদের বিনিয়োগ একটি সুস্পষ্ট বার্তা দেয়: এখানে নিউ ইয়র্কে আবাসনের ক্ষেত্রে বৈষম্য সহ্য করা হবে না।"

ন্যায্য আবাসন পরীক্ষা কর্মসূচি নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর ন্যায্য ও সমতাপূর্ণ আবাসন বিষয়ক দপ্তর (Fair and Equitable Housing Office) কর্তৃক পরিচালিত হয় এবং 2021 সালে এই অফিস কর্তৃক প্রতিষ্ঠিত পাইলট পরীক্ষা কর্মসূচিকে সম্প্রসারণ করছে। এছাড়াও এই কর্মসূচি এন্টারপ্রাইজ কমিউনিটি অংশীদারদের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেলের দপ্তর (New York Office of the Attorney General) কর্তৃক চালু করা নিউ ইয়র্কে আবাসনের ক্ষেত্রে প্রতিবন্ধকতা দূরীকরণ পরীক্ষা ও প্রচারণা কর্মসূচিও অব্যাহত রাখছে।

HCR নাসাউ ও সাফোক, ওয়েস্টচেস্টার, আলবানি এবং স্কেনেকটেডি কাউন্টি সহ 48টি কাউন্টিতে এবং সেইসাথে নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোতে পরীক্ষা পরিচালনা করার জন্য ছয়টি সংস্থার সঙ্গে চূড়ান্ত চুক্তি সম্পন্ন করেছে। ন্যায্য আবাসন পরীক্ষা ও প্রচারণা কার্যক্রমের অংশীদাররা হচ্ছে: CNY ন্যায্য আবাসন (CNY Fair Housing), ফেয়ার হাউজিং জাস্টিস সেন্টার (Fair Housing Justice Center), হাউজিং অপর্চুনিটিস মেড ইকুয়াল (Housing Opportunities Made Equal), ওয়েস্টার্ন নিউ ইয়র্কের আইনি সহায়তা (Legal Assistance of Western New York), লং আইল্যান্ড হাউজিং সার্ভিসেস (Long Island Housing Services), এবং ওয়েস্টচেস্টার রেসিডেনশিয়াল অপর্চুনিটিস (Westchester Residential Opportunities)। এসব অলাভজনক আবাসন সংস্থা বিক্রেতা, ব্রোকার, এবং বাড়ির মালিকদের বেআইনি বৈষম্যমূলক আচরণের ঘটনা উদঘাটন করার জন্য প্রশিক্ষণপ্রাপ্ত ন্যায্য আবাসন "টেস্টারদের" সম্ভাব্য ভাড়াটিয়া বা কেনার জন্য বাড়ির খোঁজ করছেন এমন ব্যক্তি হিসেবে ছদ্মবেশে কাজ করার জন্য মোতায়েন করবে।

এই কর্মসূচির প্রচারণা ও প্রশিক্ষণ ন্যায্য আবাসন সুরক্ষা প্রদানের প্রতি মনোযোগী হবে, যার মধ্যে গ্রেপ্তার হওয়া এবং দোষী সাব্যস্ত হওয়ার ইতিহাস রয়েছে এমন ব্যক্তিরাও অন্তর্ভুক্ত রয়েছেন। প্রচারণা কার্যক্রমের মধ্যে বিজ্ঞাপন এবং সোশ্যাল মিডিয়ায় মেসেজ দেওয়া, প্রশিক্ষণের ইভেন্টসমূহ, এবং পেশাগত শিক্ষার ক্লাসসমূহ অন্তর্ভুক্ত রয়েছে।

**নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন,** "আবাসন একটি অপরিহার্য মানবাধিকার এবং সব নিউ ইয়র্কবাসী যাতে নিজেদের পছন্দের কমিউনিটিতে বসবাস করার জন্য ন্যায্য ও সমান সুযোগ পেতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে আমাদেরকে অবশ্যই আমাদের কাছে থাকা সব হাতিয়ার কাজে লাগাতে হবে। আমাদের ন্যায্য আবাসন পরীক্ষা কর্মসূচি গভর্নর হোকলের নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট (New York Housing Compact)-এর পরিপূরক হিসেবে কাজ করছে, যেটি আবাসন অ্যাক্সেস করার ক্ষেত্রে বৈষম্য, ব্যতিক্রমী জোনিং, এবং ন্যায্য আবাসনের লক্ষ্যসমূহকে বাধাগ্রস্ত করে এমন অন্যান্য প্রতিবন্ধকতা স্বতস্ফূর্তভাবে মোকাবেলা করবে, এবং সবার জন্য একটি উন্নত ও আরো বেশি সমতাপূর্ণ নিউ ইয়র্ক গড়ে তুলতে আমাদেরকে সাহায্য করবে।"

ন্যায্য আবাসন সম্পর্কে আরো তথ্য HCR-এর ওয়েবসাইটে পাওয়া যাবে: [https://hcr.ny.gov/feho](https://hcr.ny.gov/feho)।

**ওয়েস্টচেস্টার রেসিডেনশিয়াল অপর্চুনিটিস-এর এক্সিকিউটিভ ডিরেক্টর মারলিন জারফেস বলেন,** "লোয়ার হাডসন ভ্যালিতে প্রত্যেক পরিবার নিজেদের বর্ণ, জাতিস্বত্বা, আয়ের উৎস, অক্ষমতা অথবা অন্য কোনো সুরক্ষিত শ্রেণি নির্বিশেষে অংশগ্রহণ করার সমান সুযোগ পাবে এমন একটি আবাসন মার্কেট নিশ্চিত করার জন্য এই কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

**ফেয়ার হাউজিং জাস্টিস সেন্টারের এক্সিকিউটিভ ডিরেক্টর এলিজাবেথ গ্রসম্যান বলেন,** "ফেয়ার হাউজিং জাস্টিস সেন্টার HCR-এর তরফ থেকে এই সহায়তার জন্য দারুণভাবে কৃতজ্ঞ এবং আমরা নতুন পরীক্ষা ও প্রচারণা কার্যক্রম নিয়ে কাজ শুরু করতে আগ্রহী।

বৈষম্যের বিরুদ্ধে লড়াইয়ে ব্যবহারের জন্য পরীক্ষার বিষয়টি ন্যায্য আবাসন সংস্থাগুলোর জন্য একটি অতি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে রয়ে গেছে, এবং আমরা নিউ ইয়র্ক সিটি অঞ্চলজুড়ে শক্তিশালী তদন্ত পরিচালনা করার প্রত্যাশা রাখি। এই প্রচারণা কার্যক্রমের অর্থায়ন আমাদের জন্য ন্যায্য আবাসন সংক্রান্ত অধিকার ও দায়িত্বসমূহ সম্পর্কে, বিশেষ করে আয়ের উৎস সম্পর্কিত বৈষম্যের বিরুদ্ধে লড়াই করার জন্য, এবং ভাড়াটিয়া, বাড়ি খুঁজতে থাকা ব্যক্তি, এবং আবাসন সেবা প্রদানকারীদেরকে প্রশিক্ষণ প্রদান করতে নিউ ইয়র্ক স্টেট যে শক্তিশালী সুরক্ষা ব্যবস্থা রেখেছে সে সম্পর্কে সচেতনতা বৃদ্ধির বর্ধিত সুযোগ প্রদান করবে। HCR-এর সহায়তার সুবাদে, আমাদের পরিষেবা অঞ্চলের মানুষেরা জানতে পারবে যে তারা সাহায্যের জন্য আমাদের কাছে আসতে পারেন, এবং জানতে পারবে যে আমাদের কর্মসূচিগুলো তাদেরকে তাদের প্রয়োজনীয় সাহায্য প্রদান করবে।"

**লং আইল্যান্ড হাউজিং সার্ভিসেস-এর এক্সিকিউটিভ ডিরেক্টর আয়ান ওয়াইল্ডার বলেন,** "অতি প্রয়োজনীয় ন্যায্য আবাসন কার্যক্রমে সহায়তা করার জন্য লং আইল্যান্ড হাউজিং সার্ভিসেস নিউ ইয়র্ক স্টেটের প্রতি কৃতজ্ঞ। এই অর্থায়ন আমাদেরকে নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী লভ্য অতি প্রয়োজনীয় সুরক্ষাগুলো বাস্তবায়নে সহায়তা করার সুযোগ করে দেবে। এছাড়াও এটি লং আইল্যান্ডের অধিবাসীদেরকে আমরা সবাই পেতে চাই এমন একটি ঠিকানার দিকে এগিয়ে নিয়ে যাবে, যেখানে আমাদের প্রতিবেশীরা বৈষম্যমুক্ত পরিবেশে তাদের যেখানে ইচ্ছা বসবাস করার সিদ্ধান্ত নিতে পারবেন। কেবল আবাসন বৈষম্য কাটিয়ে উঠার মাধ্যমেই আমরা লং আইল্যান্ডের অধিবাসীদেরকে নিজেদের সেরা জীবনযাত্রার স্বাধীনতা দিতে পারবো।"

**হাউজিং অপরচুনিটিস মেড ইকুয়াল-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ডি অ্যানা ইসন বলেন,** "আবাসনের বৈষম্য দূরীকরণের জন্য এবং ন্যায্য আবাসনকে আরো এগিয়ে নেওয়ার জন্য শিক্ষা ও প্রচারণা কার্যক্রম গুরুত্বপূর্ণ। আবাসনের ক্ষেত্রে পক্ষপাতমূলক আচরণের বিরুদ্ধে লড়াই করা এবং আমাদের কমিউনিটিগুলোতে বৈচিত্র্য ও সমতার প্রসার ঘটানোর জন্য NYSHCR-এর সহায়তার জন্য HOME কৃতজ্ঞ।"

**CNY ন্যায্য আবাসন-এর এক্সিকিউটিভ ডিরেক্টর স্যালি সানট্যাঞ্জেলো বলেন,** "CNY ন্যায্য আবাসনের রয়েছে সিরাকিউস অঞ্চলে আবাসনের প্রতিবন্ধকতার বিরুদ্ধে লড়াই করার একটি দীর্ঘ ইতিহাস। এই তহবিল কাজে লাগিয়ে, আমরা আমাদের অঞ্চলে এবং এর বাইরে আরো বেশি ন্যায্য আবাসন পরীক্ষা ও প্রচার কার্যক্রম সম্পন্ন করতে সক্ষম হবো। আবাসনের বৈষম্য দূরীকরণের জন্য আমরা নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল-এর সঙ্গে অংশীদারিত্ব চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি।"

###